গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)
ইমপ্রুভিং কম্পিউটার এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টারশিয়ারি এডুকেশন প্রজেক্ট (ICSETEP)
প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (PMU)
লেভেল-৯, বাংলাদেশ কপিরাইট ভবন
আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.icsetep.ugc.gov.bd

**বিষয়ঃ** ইমপ্রুভিং কম্পিউটার এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং টারশিয়ারি এডুকেশন প্রজেক্ট (ICSETEP) শীর্ষক প্রকল্পের ১ম RDG Board সভার কার্যবিবরণী।

**সভাপতি:** মাননীয় চেয়ারম্যান, ইউজিসি

**তারিখ:** ১৪ আগস্ট ২০২৫ খ্রি. **সময়:** বেলা ১২:০০ ঘটিকা **স্থান:** বিডিরেন কনফারেন্স রুম, ইউজিসি ভবন।

উপস্থিতিঃ RDG Board এর উপস্থিত সদস্যবৃন্দের তালিকা নিম্নরূপ:
১. প্রফেসর ড. এস এম এ ফায়েজ, চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২. প্রফেসর মোহাম্মদ তানজীমউদ্দিন খান, পিএইচডি, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩. প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪. প্রফেসর ড. মোঃ সাইদুর রহমান, সদস্য (ICSETEP প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৫. প্রফেসর ড. মাছুমা হাবিব, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৬. গাজী মোঃ নজরুল ইসলাম, প্রকল্প পরিচালক (অ. দা.), ICSETEP।

উপস্থিতিঃ ICSETEP প্রকল্পের উপস্থিত কনসালটেন্টবৃন্দের এর তালিকা নিম্নরূপ:
১. প্রফেসর ড. শাহীনা সুলতানা, ওমেন আইটি লিডারশিপ প্রোগ্রাম স্পেশালিস্ট, ICSETEP;
২. প্রফেসর ড. মোঃ শাহরিয়ার রহমান, হায়ার এডুকেশন স্পেশালিস্ট, ICSETEP ।

**০১। উপস্থাপনাঃ**
ইউজিসি'র মাননীয় চেয়ারম্যান এবং RDG Board এর চেয়ারপারসন প্রফেসর ড. এস এম এ ফায়েজ মহোদয়ের সভাপতিত্বে দুপুর ১২:০০ ঘটিকায় ইউজিসি ভবনের বিডিরেন কনফারেন্স রুমে সভাটি আরম্ভ হয়। সভাপতি RDG Board উপস্থিত সদস্য ও কনসালটেন্টবৃন্দ এবং প্রকল্প পরিচালক (অ.দা.)-কে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রকল্প পরিচালক সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিমোক্ত বিষয়সমূহ আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**০২। আলোচনা ও সিদ্ধান্তঃ**
**(ক) RDG Award এর সামগ্রিক কর্ম-পরিকল্পনাঃ**
Research and Development Grants (RDG) এর আওতায় গবেষণা উপপ্রকল্প বিষয়ে উপযুক্ত বিশ্ববিদ্যালয় সমূহে সচেতনতা তৈরি, উপপ্রকল্প প্রস্তাব আহ্বান, উপপ্রকল্প প্রস্তাব প্রণয়ন, জমাদান, মূল্যায়ণ এবং নির্বাচন ইত্যাদি বিষয়ক একটি সামগ্রিক কর্ম-পরিকল্পনা সভায় উপস্থাপন করা হয়। কর্ম-পরিকল্পনাটি সভায় পর্যালোচনা করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

i. প্রস্তুতকৃত সামগ্রিক কর্ম-পরিকল্পনাটি সভায় অনুমোদিত হয়।

ii. RDG উপযুক্ত বিশ্ববিদ্যালয়ের CSE/IT/Related discipline সমূহে Research and Development Grants (RDG) সম্পর্কে প্রাথমিক ধারণা ও সচেতনতা তৈরির জন্যে পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের জন্য আলাদাভাবে আগস্ট/২৫ এর মধ্যে ইউজিসিতে ওয়ার্কশপ আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

iii. RDG বিষয়ে উপযুক্ত বিশ্ববিদ্যালয় সমূহে সচেতনতা তৈরির জন্য পুরাতন ৪ টা বিভাগীয় শহরে (ঢাকা, রাজশাহী, খুলনা ও চট্টগ্রাম) সেপ্টেম্বর/২৫ এর প্রথম সপ্তাহের মধ্যে প্রোপোজাল রাইটিং ওয়ার্কশপ আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।

**iv.** উপপ্রকল্প প্রস্তাব আহ্বানের নোটিশ ০১ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ইস্যু করা হবে এবং জমাদানের জন্য ম্যানুয়েলের অনুচ্ছেদ ১৪.২ অনুযায়ী ৫ সপ্তাহের সময় প্রদান করা হবে।

### (খ) Related discipline বিষয়ে স্পষ্টিকরণঃ

RDGOM- এর অনুচ্ছেদ- ৫ এর উপ-অনুচ্ছেদ ৫.১ অনুসারে RDG Award গ্রহণের জন্য Computer Science and Engineering (CSE)/ ICT or Related discipline কে যোগ্য বলা হয়েছে। সভায় Related discipline সম্পর্কে বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত: i.** Undergraduate Level এর ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ৫.১(a) এর Related discipline এর জন্য UGC এবং BAETE প্রদত্ত Undergraduate Level এর নিম্নোক্ত গাইডলাইন অনুসারে প্রস্তুতকৃত কারিকুলাম অনুসারী discipline কে Related discipline হিসেবে গণ্য করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

A CSE/ICT Related Discipline must offer at least 80% of courses/components from any of the following guidelines.

**UGC's Guideline:**
As mentioned in the **UGC**'s "Guideline for preparing standard curriculum of B S in Computer Science and Engineering"

**Programming:** Introduction to Computing, Structured Programming, Object Oriented Programming, Web Programming, and Mobile Programming. etc.

**Hardware Systems:** Digital Logic Design, Computer Architecture, and Microprocessors & Microcontrollers, etc.

**Logics and Algorithms:** Discrete Mathematics, Data Structures, Algorithms

**Systems:** Computer and Cyber Security, Database, Operating System, Networking, etc.

**Software Systems and Engineering:** Software Engineering, Information System and Design, etc.

**Technical Electives:** Theory; Communications; Systems; Data Science; Software Engineering; Hardware; ICT

**BAETE's Guideline:**

As mentioned in the **BAETE** Accreditation Manual v2.1 under "Criteria for Computer Science and Engineering or Similar Program"

Discrete mathematics, Computer science, and Engineering sciences for the analysis and design of complex electrical and electronic devices, software, and systems containing hardware and software components, Concepts of programming languages, Data structures, Algorithms and complexity, Software design, Digital logic, Computer organization and architecture, Operating systems and Networking systems, Tools for the specification, design, implementation, testing and maintenance of software systems, Exposure to a variety of programming languages and systems, including proficiency in at least one higher-level language.

**সিদ্ধান্ত: ii.** অনুরূপভাবে Postgraduate Level এর ক্ষেত্রে উপ-অনুচ্ছেদ ৫.১(a) এর Related discipline এর জন্য DU (IIT, CSE) এবং BUET (CSE, IICT) এর Postgraduate কারিকুলামসমূহকে বিবেচনা করে নিম্নোক্ত domain সমূহকে চিহ্নিত করা হয়। উক্ত domain অনুসারে প্রস্তুতকৃত কারিকুলাম অনুসারী discipline কে Related discipline হিসেবে গণ্য করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

A CSE/ICT Related Discipline must offer at least 80% of courses/components from at least three domains from the following list:

Algorithms; Software Engineering; Data Science; Intelligent Computing; Security and Privacy; Computer Networks and Systems; High Performance and Distributed Computing; Hardware and Embedded Systems.

**(গ) এনটিটির বাইরে অন্য বিভাগ, ইনিস্টিটিউট বা বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ গবেষণা প্রস্তাব প্রণয়নের ক্ষেত্রে উক্ত অংশগ্রহণকারী বিভাগ, ইনিস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় থেকে Co-PI নিয়োগঃ**

RDGOM এর অনুচ্ছেদ-২২ এর উপ-অনুচ্ছেদ ২২.৩ অনুসারে উপপ্রকল্প বাস্তবায়নে গবেষণা ও প্রশাসনিক সহযোগিতার জন্য Co-PI নিয়োগের বিষয়ে বলা হয়েছে। Manual এর বর্ণনা অনুযায়ী Colloborative উপপ্রকল্প প্রস্তাব দাখিলের ক্ষেত্রে যৌথ গবেষণায় সহযোগী হিসেবে অংশগ্রহণকারী বিভাগ, ইনিস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় থেকে Co-PI নেওয়ার বিষয়ে সুস্পষ্ট করে কিছু বলা হয়নি। এনটিটির বাইরে অন্য বিভাগ, ইনিস্টিটিউট বা বিশ্ববিদ্যালয়ের সাথে যৌথ গবেষণা প্রস্তাব প্রণয়নের ক্ষেত্রে উক্ত অংশগ্রহণকারী বিভাগ, ইনিস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় থেকে Co-PI নেওয়ার বিষয়টি সভায় আলোচনা করে নিমোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত: i** Proposal Submitting এনটিটির সাথে অন্য বিভাগ, ইনিস্টিটিউট বা বিশ্ববিদ্যালয়ের যৌথ গবেষণা প্রস্তাব প্রণয়নের ক্ষেত্রে সহযোগী অংশগ্রহণকারী বিভাগ, ইনিস্টিটিউট বা বিশ্ববিদ্যালয় থেকে একজন Co-PI নেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এই Co-PI, SPMT এর ২য় Co-PI হিসেবে বিবেচিত হবেন।

**(ঘ) "International Universitates" কে "Foreign Universities" হিসাবে বিবেচনাঃ**

Academy-Industry collaboration এর জন্য RDGOM এর অনুচ্ছেদ-৩ এর উপ-অনুচ্ছেদ ৩.২ (a) অনুসারে "International Universitates" কে "Foreign Universities" হিসাবে বিবেচনা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত: i.** Academy-Industry collaboration এর জন্য "International Universitates" কে "Foreign Universities" হিসাবে বিবেচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**ii.** Academy-Industry collaboration এর ক্ষেত্রে QS(Quacquarelli Symonds) অথবা THE(Times Higher Education) র‍্যাংকিং এ অন্তর্ভুক্ত Foreign বিশ্ববিদ্যালয়সমূহ Research Proposal জমাদানে যোগ্য বলে বিবেচনা করা হবে।

**iii.** RDGOM এর ৩.৭ অনুচ্ছেদের বর্ণনানুযায়ী Industry থেকে অংশগ্রহণকারীগণ RDG ফান্ড থেকে কোনরূপ আর্থিক সুবিধা প্রাপ্ত হবেন না। এমতাবস্থায় Industry কে উৎসাহ প্রদানের লক্ষ্যে Industry থেকে অংশগ্রহণকারীদের UGC কর্তৃক সার্টিফিকেট দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। যদি Foreign University থেকে Co-PI নেওয়া হয় তাহলে উক্ত Co-PI পাবলিক বিশ্ববিদ্যালয়ের Co-PI এর অনুরূপ সম্মানী প্রাপ্ত হবেন।

**iv.** অংশগ্রহণকারী Industry কে নিম্নোক্ত বিষয়ের তথ্যাদি গবেষণা প্রস্তাবের সাথে জমা দিতে হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়;

১. ইন্ডাস্ট্রি/কোম্পানীর লিগ্যাল সার্টিফিকেট - ট্রেড লাইসেন্স, জয়েন্ট স্টক কোম্পানীর রেজিষ্ট্রেশন, ইত্যাদি,

২. বিগত তিন বছরের বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন,

৩. হাল নাগাদকৃত আয়কর ও ভ্যাট পরিশোধের প্রত্যয়ন,

৪. বিগত তিন বছরের বার্ষিক টার্ণওভার,

৫. কোম্পানি গঠন/organogram ও brochure

**(ঙ) উপপ্রকল্প মূল্যায়ন সভায় প্রতিনিধি মনোনয়নেরঃ**

ম্যানুয়েলের (RDGOM) অনুচ্ছেদ- ২০ এর উপ-অনুচ্ছেদ ২০.৪ অনুসারে গবেষণা উপপ্রকল্প মূল্যায়ন সভায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের (SHED) এবং Planning Commission এর আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের একজন করে যুগ্মসচিব বা তদূর্ধ্ব কর্মকর্তা RDG বোর্ড সভায় সদস্য হিসাবে অন্তর্ভূক্ত করার বিষটি সভায় আলোচনা করা হয়। এছাড়া Research and Professional Organizations হতে দুইজন প্রতিনিধি মনোনয়নের জন্য কোন কোন প্রতিষ্ঠান থেকে কোন

কোন গবেষকদের কমিটিতে অন্তর্ভূক্ত করা হবে সেই বিষয়ে সভায় আলোচনা করা হয়। অতঃপর এ বিষয়ে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত: i.** উপপ্রকল্প মূল্যায়ন সভায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের (SHED) এবং Planning Commission এর আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের একজন করে যুগ্মসচিব বা তদূর্ধ্ব কর্মকর্তা RDG বোর্ড সভায় সদস্য হিসাবে মনোনয়ন দেওয়ার জন্য মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব এবং আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের প্রধানকে পত্র প্রেরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**ii.** Research and Professional Organizations হতে দুইজন প্রতিনিধি মনোনয়নের বিষয়ে ICSETEP প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত সদস্য মহোদয় ইউজিসির অপরাপর সদস্যগণের সাথে পরামর্শ করে নাম চূড়ান্ত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

**(চ) Anonymously উপপ্রকল্প মূল্যায়নঃ**
উপপ্রকল্প মূল্যায়ণে রিভিউয়ারগণের পক্ষপাতিত্ব এড়ানোর বিষটি ইউজিসির সম্মানিত সদস্যগণ বিষদভাবে আলোচনা করেন। উপপ্রকল্প মূল্যায়ণে এসপিএম টিমের গবেষণা দক্ষতার পাশাপাশি গবেষণা সহযোগী প্রতিষ্ঠানের সক্ষমতা মূল্যায়ণ অপরিহার্য বলে সভায় একমত পোষণ করা হয়। এক্ষেত্রে গবেষণা প্রকল্পের এসপিএম টিমের গবেষণা দক্ষতা এবং গবেষণা সহযোগী প্রতিষ্ঠানের সক্ষমতা ব্যতীত সার্বিক মেরিট প্রথমে মূল্যায়ণ সমাপ্ত করে এসপিএম টিমের সক্ষমতা দ্বিতীয় স্তরে মূল্যায়ণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। অতঃপর নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সিদ্ধান্ত: i.** গবেষণা উপপ্রকল্প প্রস্তাব নিরপেক্ষভাবে মূল্যায়ণের নিমিত্তে Submission Template কে সেকশন A (এসপিএম টিমের গবেষণা দক্ষতা এবং গবেষণা সহযোগী প্রতিষ্ঠানের সক্ষমতা ব্যতীত মূল প্রোপোজাল) এবং সেকশন B (গবেষণা উপপ্রকল্প প্রস্তাবের এসপিএম টিমের গবেষণা দক্ষতা এবং গবেষণা সহযোগী প্রতিষ্ঠানের সক্ষমতা) তে ভাগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে এতে মূল ম্যানুয়েলে কোন পরিবর্তন হবে না।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(প্রফেসর ড. এস এম এ ফায়েজ)
RDGB'র চেয়ারপারসন এবং ইউজিসি'র চেয়ারম্যান
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।

Ref: UGC/1CSETEP/RDGB/2025/114/ তারিখ: ১৯/০৮/২০২৫ খ্রি.

বিতরণ :

১. প্রফেসর ড. এস এম এ ফায়েজ, চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
২. প্রফেসর মোহাম্মদ তানজীমউদ্দিন খান, পিএইডি, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩. প্রফেসর ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৪. প্রফেসর ড. মোঃ সাইদুর রহমান, সদস্য (ICSETEP প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৫. প্রফেসর ড. মাছুমা হাবিব, সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৬. গাজী মোঃ নজরুল ইসলাম, প্রকল্প পরিচালক (অ. দা.), ICSETEP।

(গাজী মোঃ নজরুল ইসলাম)
প্রকল্প পরিচালক (অ. দা.), ICSETEP
ই-মেইল: dpd-icsetep@ugc.gov.bd
মোবাইল: ০১৬৭৫৫০১৪৬৩